

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৮/৮২(৬ষ্ঠ খন্ড)/১৪২

তারিখ: ২৮ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ
১১ এপ্রিল, ২০১৯ খ্রিষ্টাব্দ

“দপ্তরাদেশ”


বাংলাদেশ একটি অত্যন্ত বন্যা প্রবন দেশ। প্রতি বছর অতিবৃষ্টি এবং পাহাড়ী ঢল জনিত কারণে দেশের বিভিন্ন জেলায় বন্যা ও জলাবদ্ধতা দেখা দেয়। অধিকন্তু, সীমান্তের ওপার হতে বিভিন্ন এলাকায়ও পাহাড়ী ঢল নেমে আসে, সেক্ষেত্রে পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে ওঠে এবং চরম দুর্যোগময় অবস্থার সৃষ্টি হয়। এতে, দেশের বিভিন্ন অঞ্চলে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত বাঁধ, রাস্তা, স্ট্রাকচার এবং অন্যান্য অবকাঠামো ভেঙ্গে জানমাল, ফসল, সেচ খালের ডাইক, স্ট্রাকচারসহ অন্যান্য জন-গুরুত্বপূর্ণ অবকাঠামো ও স্থাপনার ক্ষতি হতে পারে। এহেন পরিস্থিতি মোকাবেলায় পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ সার্বক্ষণিক সতর্কতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে পরিস্থিতি মোকাবেলা করে আসছে।

২। এরই ধারাবাহিকতায়, বাংলাদেশে সংঘটিত সম্ভাব্য বন্যা, ঘূর্ণিঝড়সহ প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে সার্বক্ষণিক সতর্কতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে। মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে স্থানীয় জেলা প্রশাসন, প্রয়োজনে উপজেলা প্রশাসন এবং স্থানীয় জন প্রতিনিধিদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে আসন্ন বন্যা মোকাবেলায় তড়িৎ ব্যবস্থা গ্রহণের জন্যও নির্দেশ প্রদান করা হলো। তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় জরুরী ব্যবস্থা গ্রহণের স্বার্থে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বোর্ডের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে স্ব-স্ব কর্মস্থলে বাধ্যতামূলকভাবে অবস্থান করতে হবে।

৩। দেশে বন্যা মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের স্বার্থে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বোর্ডের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণের অনুকূলে সকল প্রকার ছুটি (ওমরা/হজ্জব্রত পালনের নিমিত্ত ছুটি ব্যতীত) স্থগিত করা হলো।

৪। একান্ত অত্যাৱশ্যকীয় ক্ষেত্রে সকল কর্মচারী এবং কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালক এর অনুমোদনক্রমে ছুটি গ্রহণ/সদর দপ্তর ত্যাগ করতে হবে।

৫। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


(আব্দুল খালেক)

সচিব

বাপাউবো, ঢাকা।

পরিচিতি নম্বর ৬৩০১২০০০১


টেলিফোন ৯৫৫৫১৩৩

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৮/৮২(৬ষ্ঠ খন্ড)/১৪২(৩)

তারিখ: ২৮ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ
১১ এপ্রিল, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি জন্যঃ

১. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(সৈয়দ মাহবুবুল হক)


উপ-সচিব (প্রশাসন)

পরিচিতি নম্বর-৬৭০৪০৩০০২

টেলিফোন ৯৫৬১৯৫৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১. প্রধান প্রকৌশলী/প্রধান অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান/নিয়ন্ত্রক (অহিনি) (সকল).....
২. পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক (সকল).....
৩. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। প্রেস রিলিজের ব্যবস্থা গ্রহণসহ সকল প্রিন্ট মিডিয়া/ইলেকট্রনিক মিডিয়ার জুড়ে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৪. চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী (সকল).....
৬. উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার,
৭. সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (WWW.bwdb.gov.bd) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮. ব্যক্তিগত সহকারী টু অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/বোর্ড)/সচিব, বাপাউবো, ঢাকা।



(মোঃ আবদুল ছলিম)

সহকারী পরিচালক (প্রশাসন-২, অ:দা:)

পরিচিতি নম্বর:৬৭০৭১০০০২